

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 June, 2025

বরিশাল-ভোলা মহাসড়কের পাশে পলিথিনে মোড়ানো ও হাত-পা বাঁধা অবস্থায় এসিডদগ্ধ এক নারীকে জীবিত উদ্ধার করেছে পুলিশ।

ঘটনাটি ঘটেছে রোববার (২৯ জুন) ভোরে বরিশাল মেট্রোপলিটন এলাকার বন্দর থানার তালুকদারহাট এলাকায়।

বরিশাল বন্দর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) দেলোয়ার হোসেন জানান,

“ওই নারীকে উদ্ধার করে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) ভর্তি করা হয়েছে। বর্তমানে তার চিকিৎসা চলছে। বিস্তারিত পরে জানানো হবে।”

স্থানীয়দের চোখে পড়ে ভোরে

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, তালুকদারহাট এলাকার কিছু ব্যবসায়ী ভোরবেলা দোকানে যাওয়ার পথে সড়কের পাশে পলিথিনে মোড়ানো অবস্থায় এক নারীর নিখর দেহ পড়ে থাকতে দেখেন।

তারা দ্রুত পুলিশে খবর দেন। পুলিশ এসে হাত-পা বাঁধা, এসিডে ঝলসানো অবস্থায় ওই নারীকে জীবিত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

চিকিৎসক বলছেন

শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান,

“মারবয়সী এক নারীকে এসিডদধ্ৰু অবস্থায় নিয়ে এসেছে পুলিশ। তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক। চিকিৎসা চলছে।”

তদন্ত শুরু করেছে পুলিশ

পুলিশ জানিয়েছে, নারীকে কারা এবং কী কারণে এভাবে ফেলে গেছে, তা উদঘাটনে তদন্ত শুরু হয়েছে। নারীটির পরিচয় শনাক্ত করার চেষ্টা চলছে। এই ঘটনার সঙ্গে নারী নির্যাতন, পাচার বা পারিবারিক সহিংসতার যোগসূত্র আছে কি না, তাও খতিয়ে দেখা হচ্ছে।

এসিডদধ্ৰু পুলিশ শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল বরিশাল-ভোলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:12

URL: <https://www.timestodaybd.com/across-the-country/1556683886>